



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

www.bmeb.gov.bd



স্মারক নম্বর : ৫৭.১৬.০০০০.০১৪.৩২.০০৬.২৫. ২০১৮

তারিখ: ২৮ আশ্বিন ১৪৩৩
১৩ অক্টোবর ২০২৬

বিষয় : দাখিল স্তরে পাঠদানের অনুমতির জন্য চাহিত কাগজপত্রের সত্যায়িত ফটোকপি জমাদান ও মূলকপি প্রদর্শন প্রসঙ্গে

সূত্র : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মিঠাপুকুর, রংপুর স্মারক নম্বর: ০৫.৫৫.৮৫৫৮.০০১.০৭.০২৭.২৪-৫০২/১, তারিখ: ২৯/০৪/২০২৬খি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে রংপুর জেলার মিঠাপুকুর উপজেলার খোড়াগাছ ডাকঘরের অর্ন্তগত বেগম রোকেয়া গার্লস দাখিল মাদ্রাসার দাখিল স্তরে পাঠদান অনুমতির বিষয়ে সূত্রোক্ত স্মারকে পরিদর্শন প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্রাফিসে প্রেরণ করেন। বর্ণিত দাখিল মাদ্রাসার দাখিল স্তরে পাঠদান অনুমতি প্রদানের নিমিত্তে শিক্ষক নিয়োগ সংক্রান্ত কাগজপত্র, হালনাগাদ কমিটির কপি, হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের অনলাইন রশিদ, নামজারী/পচারী কপি, সর্বশেষ নীতিমালা অনুযায়ী সাধারণ ও সংরক্ষিত তহবিলের হালনাগাদ ব্যাংক প্রত্যয়ন পত্রের কপি (সকল কাগজপত্রের মূল কপি) প্রদর্শন পূর্বক একসেট ফটোকপি বোর্ডে জমা দিতে হবে।

বর্ণিত অবস্থায় দাখিল স্তরে পাঠদান অনুমতির ক্ষেত্রে উপরোক্ত সকল কাগজপত্রের মূল কপি প্রদর্শন পূর্বক একসেট ফটোকপি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ নূরুল ইসলাম
পরিদর্শক

ফোন: ০২-৫৮৬১০২০০

ই-মেইল: inspector@bmeb.gov.bd

প্রাপক :

সুপার/ভারপ্রাপ্ত সুপার,

বেগম রোকেয়া গার্লস দাখিল মাদ্রাসা,

ডাকঘর-খোড়াগাছ, উপজেলা-মিঠাপুকুর, জেলা-রংপুর।

অনুলিপি:

১। অফিস কপি।

